



২৮ ফেব্রুয়ারি-২০২৩

বাজুস/সাধারণ বিজ্ঞপ্তি/০২৮/৩৫৩/২০২৩

নোটিশ

প্রিয় সহকর্মী,

শুভেচ্ছা জানবেন। আপনাদের সকলের প্রচেষ্টায় বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুস আজ দেশের সর্ববৃহৎ বাণিজ্য সংগঠনে উন্নীত হয়েছে।

বর্তমান কার্যনির্বাহী কমিটি দায়িত্ব গ্রহণের পর বাজুসকে সাংগঠনিকভাবে শক্তিশালী করার লক্ষ্যে নানা পদক্ষেপ গ্রহণ করা হয়। এরমধ্যে অন্যতম কোন রকম ফি ছাড়া বাজুস সদস্য হওয়ার সুযোগ। বাজুসের আহবানে সাড়া দিয়ে এই সুযোগ কাজে লাগিয়ে দেশের বহু জুয়েলারী প্রতিষ্ঠান বাজুসের সদস্যভুক্ত হয়েছে। বর্তমানে বাজুস পরিবারের সদস্য সংখ্যা প্রায় ৪০ হাজার।

গত ২১ নভেম্বর-২০২২ তারিখের বাজুসের কার্যনির্বাহী কমিটির সভায় বাজুসের সদস্যভুক্তির বিষয় আলোচনা করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে ০১ মার্চ-২০২৩ থেকে বাজুসের ভর্তি ফি ঢাকা মহানগরের আওতাধীন জুয়েলারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ঢাকা মহানগর ব্যতীত সারা দেশের জুয়েলারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২,০০০/- (দুই হাজার) টাকা নির্ধারণ করা হয়।

এই অবস্থায় বাজুসের কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে উল্লেখিত সিদ্ধান্ত বাস্তবায়নে আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

আপনাদের সু-স্বাস্থ্য, সাফল্য ও দীর্ঘায়ু কামনা করছি।

ধন্যবাদসহ

এম. এ. ওয়াদুদ খান

চেয়ারম্যান

বাজুস স্ট্যান্ডিং কমিটি অন ল এন্ড মেম্বারশিপ